গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন-৪ শাখা
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০০০.০৪৫.৪৫.০০১০.২৫.৪৩৪

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ১৬ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

# পরিপত্র

**বিষয়: অবাণিজ্যিক ও অলাভজনক উদ্দেশ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয় প্রতিষ্ঠান/দাতব্য প্রতিষ্ঠান/সরকারি প্রতিষ্ঠান/সামাজিক প্রতিষ্ঠানের অনুকূলে ইজারা প্রদত্ত অর্পিত সম্পত্তির ইজারা মূল্যের হার নির্ধারণ।**

সূত্র: (১) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ এর এনটিআর শাখা-২ এর স্মারক নম্বর ০৭.০০.০০০০.০০০.১৪৪.০৪.০০০৪.২০.৭৯; তারিখ: ১৫/১০/২০২৫ খ্রি.
(২) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০২.১৬-৬১৯; তারিখ: ০৩/১২/২০১৯ খ্রি.
(৩) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০২.১৬-৪২; তারিখ: ০৬/০১/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ০২ নম্বর ও ০৩ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্রে অবাণিজ্যিক ও অলাভজনক উদ্দেশ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয় প্রতিষ্ঠান/দাতব্য প্রতিষ্ঠান/সরকারি প্রতিষ্ঠান/সামাজিক প্রতিষ্ঠানের অনুকূলে ইজারা প্রদত্ত অর্পিত সম্পত্তির বিষয়ে পৃথক কোন নির্দেশনা ছিল না।

০২। সূত্রোক্ত ০২ নম্বর স্মারকে নির্ধারিত ইজারা মূল্য কার্যকরের পর থেকে দেশব্যাপী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন সামাজিক বা ধর্মীয় প্রতিষ্ঠান ইজারা মূল্য পরিশোধ করতে পারছেনা মর্মে সরকারের গোচরে এসেছে। জাতি গঠন ও সমাজ বিনির্মাণ প্রক্রিয়ায় এসকল প্রতিষ্ঠানের ইতিবাচক ভূমিকা রয়েছে বিবেচনায় উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে ইজারাকৃত অর্পিত সম্পত্তির ইজারামূল্যের হার যৌক্তিক পর্যায়ে নির্ধারণ করা সমীচীন।

০৫। বর্ণিতাবস্থায়, শুধুমাত্র অবাণিজ্যিক ও অলাভজনক উদ্দেশ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয় প্রতিষ্ঠান/দাতব্য প্রতিষ্ঠান/সরকারি প্রতিষ্ঠান/সামাজিক প্রতিষ্ঠানের অনুকূলে ইজারা প্রদত্ত অর্পিত সম্পত্তির ইজারা মূল্যের হার নিম্নরূপে নির্ধারণ করা হলো-

| শ্রেণি | একক | (১) উপজেলা এলাকা (সিটি কর্পোরেশন ও পৌর এলাকা ব্যতীত) ইজারা মূল্যের হার (টাকায়) | (২) পৌর এলাকা (সিটি কর্পোরেশন ব্যতীত) ইজারা মূল্যের হার (টাকায়) |
|---|---|---|---|
| (ক) কৃষি জমি (স্থাপনার জমি ব্যতীত) | প্রতি শতক | ২০/- | ৫০/- |
| (খ) অকৃষি জমি (স্থাপনার জমি ব্যতীত) | প্রতি শতক | ৩০/- | ৬০/- |
| (গ) কাঁচা ঘর (মেঝে কাচা/পাকা, টিনের বেড়া ও টিনের চাল | প্রতি বর্গফুট | ১.৫/- | ৫/- |
| (ঘ) আধাপাকা ঘর (মেঝে পাকা,দেয়াল পাকা ও টিনের চাল) | প্রতি বর্গফুট | ২/- | ৬/- |
| (ঙ) পাকা ঘর (দালান) | প্রতি বর্গফুট | ৫/- | ৮/- |

| শ্রেণি | একক | (৩) সিটি কর্পোরেশন এলাকা (ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন ব্যতীত) ইজারা মূল্যের হার (টাকায়) | (৪) ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকা ইজারা মূল্যের হার (টাকায়) |
|---|---|---|---|
| (ক) কৃষি জমি (স্থাপনার জমি ব্যতীত) | প্রতি শতক | - | - |
| (খ) অকৃষি জমি (স্থাপনার জমি ব্যতীত) | প্রতি শতক | ৮০/- | ১৬০/- |
| (গ) কাঁচা ঘর (মেঝে কাচা/পাকা, টিনের বেড়া ও টিনের চাল | প্রতি বর্গফুট | ৬/- | ১২/- |
| (ঘ) আধাপাকা ঘর (মেঝে পাকা,দেয়াল পাকা ও টিনের চাল) | প্রতি বর্গফুট | ৮/- | ১৬/- |
| (ঙ) পাকা ঘর (দালান) | প্রতি বর্গফুট | ১০/- | ২০/- |

চলমান পৃষ্ঠা-০২

০৬। উল্লেখ্য যে, শুধুমাত্র অবাণিজ্যিক ও অলাভজনক উদ্দেশ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয় প্রতিষ্ঠান/দাতব্য প্রতিষ্ঠান/সরকারি প্রতিষ্ঠান/সামাজিক প্রতিষ্ঠানের অনুকূলে ইজারা প্রদত্ত অর্পিত সম্পত্তির ক্ষেত্রে ইজারা মূল্যের এ নতুন হার প্রযোজ্য হবে। জেলা প্রশাসকগণ যথাযথভাবে ও সরেজমিন তদন্ত করে প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতা সম্পর্কে নিশ্চিত হয়ে ইজারা মূল্যের নতুন এ হার প্রয়োগ করবেন। ইতিপূর্বে এ উদ্দেশ্যে ইজারা প্রদান না করা হয়ে থাকলে নতুন করে কোন ইজারা গ্রহীতা এ পরিপত্রে বর্ণিত সুবিধা প্রাপ্য হবেন না।

০৭। এ পরিপত্র জারির তারিখ হতে কার্যকর হবে। শুধুমাত্র অবাণিজ্যিক ও অলাভজনক উদ্দেশ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয় প্রতিষ্ঠান/দাতব্য প্রতিষ্ঠান/সরকারি প্রতিষ্ঠান/সামাজিক প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য শ্রেণির ইজারা গ্রহীতার ক্ষেত্রে সূত্রোক্ত ০২ নম্বর ও ০৩ নম্বর স্মারকে জারিকৃত ইজারা মূল্যের হার যথারীতি বহাল থাকবে। সূত্রোক্ত ০২ নম্বর ও ০৩ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্রের শর্তাদি সকল ক্ষেত্রে যথারীতি বহাল থাকবে।

২৮/১০/২৫

(এ এস এম সালেহ আহমেদ)
সিনিয়র সচিব

**বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মাননীয় প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড/ভূমি আপিল বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা।
৪। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার........................................... (সকল)।
৬। হিসাব মহা-নিয়ন্ত্রক, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা।
৮। জেলা প্রশাসক, ........................................ (তিন পার্বত্য জেলা ব্যতিত) সকল।
৯। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ..................................................(সকল)
১০। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
১১। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮ (পরিপত্রটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)
১২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা।
১৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ................................ (তিন পার্বত্য জেলা ব্যতিত) সকল।
১৪। উপসচিব, নন-ট্যাক্স রেভিনিউ শাখা-২, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব),ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা।
১৬। উপজেলা নির্বাহী অফিসার, ............................................................ (তিন পার্বত্য জেলা ব্যতিত) সকল।
১৭। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার .................................................... (তিন পার্বত্য জেলা ব্যতিত) সকল।
১৮। সহকারী কমিশনার (ভূমি), ........................................................ (তিন পার্বত্য জেলা ব্যতিত) সকল।
১৯। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পরিপত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২০। অফিস কপি/মাস্টার কপি।